

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

ই-গভর্নেন্স শাখা

cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.২০৮

তারিখ: ১৯ আষাঢ়, ১৪২৪

০৩ জুলাই, ২০১৭

বিষয়: ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্ত ই-নথি সিস্টেমকে ইতোমধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। ই-নথি সিস্টেম ব্যবহার করে খুব সহজেই তাৎক্ষণিকভাবে সিস্টেম থেকে পত্রজারি করা যেতে পারে। ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র জারি করা হলে একদিকে যেমন দ্রুততম সময়ে পত্র জারি করা যায় অন্যদিকে সরকারি অর্থ এবং শ্রমের সাশ্রয় হয়। এমনকি ই-নথি সিস্টেম ব্যবহার শুরু করেনি এমন অফিসও এই সিস্টেম থেকে ই-মেইলে সহজে পত্রজারি করতে পারে। লক্ষ্য করা যাচ্ছে যে, ই-নথি সিস্টেম ব্যবহারকারী কোনো কোনো অফিস এখনও সিস্টেমের মাধ্যমে পত্রজারি করছে না এবং ই-নথি সিস্টেমের মাধ্যমে আগত পত্রকে দাপ্তরিক পত্র হিসেবে বিবেচনায় নিয়ে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করছে না যা অনভিপ্রেত।

২। উল্লেখ্য, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৬ নম্বর নির্দেশনায় ইলেকট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের জন্য সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.১৭.০০৪.১৫.৬৯ ও ০৪.০০.০০০০.৮৩১. ১৭.০০৪. ১৫.৭০ নং স্মারকসমূহেও ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থায় ই-নথি সিস্টেমের মাধ্যমে আগত সকল পত্র দাপ্তরিক পত্র হিসেবে বিবেচনা করে উক্ত সিস্টেমের মাধ্যমে প্রক্রিয়াকরণ এবং সিস্টেম থেকেই পত্রজারির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২০১৭-০৭-০৩

মোঃ শাহগীর আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৮৮-০২-৯৫৮৮৩৯৫

ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৬৫৫৯

ইমেইল: shahgir@iuj.ac.jp

১) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

২) বিভাগীয় কমিশনার (সকল)

৩) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর:

০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.২০৮/১(৩)

তারিখ: ১৯ আষাঢ়, ১৪২৪

০৩ জুলাই, ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

- ১) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২০১৭-০৭-০৩

মোঃ শাহগীর আলম
সিনিয়র সহকারী সচিব